



ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
(এনার্জি অডিট এন্ড ট্যারিফ)-এর কার্যালয়
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এক্সিকিউটিভ ভবন (৩য় তলা),
খিলক্ষেত, ঢাকা-১২২৯
টেলিফোনঃ ৮৯০০৫৬৫

E-mail: ratecellreb@yahoo.com

স্মারক নম্বর: ২৭.১২.০০০০.১৭৪.১০.৩০৪.২২.১৮৮

তারিখঃ ২৩/০৬/২০২২ খ্রিস্টাব্দ

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
সকল পল্লী বিদ্যুৎ সমিতি।

বিষয়ঃ সমিতিসমূহের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত ২০২২-২৩ অর্থবছরের এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী আগামী ২৫/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সমিতি'র সাথে বাপবিবোর্ডের এপিএ চুক্তি সম্পাদন করতে হবে এবং আগামী ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে চুক্তির কপি স্ব সমিতি'র ওয়েবসাইটে এবং বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এ প্রেক্ষিতে,

১। সমিতির ২৬টি কর্মসম্পাদন সূচক বা Performance Indicator - এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা (সমিতিভিত্তিক লক্ষ্যমাত্রা সংযুক্তি-১) অনুযায়ী সেকশন-২ ও ৩ পূরণ করতে হবে। সমিতি বোর্ডের সভাপতি এবং সিনিয়র জিএম/ জিএম কর্তৃক আগামী ২৩/০৬/২০২২ খ্রিঃ তারিখে স্বাক্ষরপূর্বক প্রত্যক পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক বাপবিবোর্ডের সাথে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করতে হবে এবং পূর্ণাঙ্গ চুক্তির কপি স্ব সমিতির ওয়েবসাইটে আগামী ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে মর্মে এপিএ/পিটিএ স্ট্যান্ডিং কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে (সভার কার্যবিবরণীসহ ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা সংযুক্ত)। এপ্রেক্ষিতে, আপনার সমিতির ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সমিতির সভাপতি ও সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সীল ও স্বাক্ষরসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মারফত বাপবিবোর্ডে প্রেরণ করে সচিব, বাপবিবোর্ড এবং সংশ্লিষ্ট পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর এর স্বাক্ষর গ্রহণ করতে হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত নির্দেশিকা অনুযায়ী বাপবিবোর্ড এবং সমিতি এর এপিএ চুক্তি-তে কর্মসম্পাদনের সার্বিক চিত্র, প্রস্তাবনা, সেকশন-১, ২ ও ৩, সংযোজনী-১, ২ ও ৩, সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ৫টি কর্ম-পরিকল্পনা (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) সংশ্লিষ্ট সংযোজনী- ৪, ৫, ৬, ৭ ও ৮ পৃষ্ঠাসমূহের প্রতিটিতে সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক অনুস্বাক্ষর প্রদানপূর্বক চুক্তির সংশ্লিষ্ট পৃষ্ঠায় সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে। উল্লেখ্য যে, নির্বাহী পরিচালক-এর দপ্তর হতে স্মারক নং- ২৭.১২.০০০০.০০৭.১৮.১০২.২২.১০৫৫; তারিখঃ ১৯/০৬/২০২২ খ্রিঃ মোতাবেক জারিকৃত পত্র অনুযায়ী সমিতি'র নৈতিকতা কমিটি/ শুল্কাচার কমিটির কর্তৃক অনুমোদিত জাতীয় শুল্কাচার কর্মপরিকল্পনা সংযোজনী- ৪ হিসেবে মূল এপিএ (২০২২-২৩) চুক্তির সাথে সংযুক্ত করতে হবে।

৩। ২০২২-২৩ অর্থবছরের জন্য সমিতির জন্য নির্ধারিত এপিএ/পিটিএ কর্মসম্পাদন সূচকসমূহের ৭০ নম্বরের লক্ষ্যমাত্রা (সমিতিভিত্তিক লক্ষ্যমাত্রা সংযুক্ত) সেকশন-৩ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ এর অসাধারণ (১০০%) এর কলামে বসাতে হবে।

৪। আগামী ২৮/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) এর এক কপি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এনার্জি অডিট এন্ড ট্যারিফ) এর কার্যালয় এবং এক কপি আইসিটি পরিদপ্তরে (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

M. M. M. M.
(কে, এম, নর্দম স্থান)
২৩/০৬/২২

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বাপবিবোর্ড, ঢাকা এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ/পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা- [সমিতির সাথে যথাসময়ে চুক্তি সম্পাদনের অনুরোধসহ]

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা- [স্বাক্ষরিত চুক্তি বাপবিবোর্ড এবং সমিতিসমূহের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশের অনুরোধসহ]

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/প্রধান প্রকৌশলী (পওপ/প্রকল্প)/নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

২। পরিচালক, সিস্টেম অপারেশন(কেঃঅঃ)/প্রশিক্ষণ/ পবিস মানব সম্পদ/ পবিস ঋণ ও বাজেট/ আর্থিক মনিটরিং (উঃ/দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জিআইএস/ গ্রীড ও উপকেন্দ্র- এর কার্যালয়, বাপবিবোর্ড, ঢাকা।

৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।

৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/ বিতরণ ও পরিচালন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবোর্ড, ঢাকা।